

Azaman  
29/06/26  
programmer

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
ডি-২৫ শাখা  
শের-ই-বাংলা নগর, ঢাকা  
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.২৫০.১২.০৭১.২৬.১৩১

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩  
২৯ জুন ২০২৬

### প্রজ্ঞাপন


প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)'র নিম্নবর্ণিত শিক্ষককে বিভাগীয় পদোন্নতি প্রদান বিষয়ক কমিটির সুপারিশের আলোকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) বেতনক্রমে সহকারী অধ্যাপক পদে শর্তসাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো:

ক্র. নং	নাম, ব্যক্তিগত নম্বর, বর্তমান পদবি ও বেতনগ্রেড	পদোন্নতিপ্রাপ্ত পদবি ও বেতনগ্রেড	বিভাগের নাম
১.	মিজ্ ভাসমিয়া হক (১০৬২৭) প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০/-)	সহকারী অধ্যাপক (গ্রেড-৬) (৩৫৫০০-৬৭০১০/-)	নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং (এনএএমই)

### শর্তাবলী:

- (ক) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ অনুযায়ী যোগদানের তারিখ থেকে ০১(এক) বৎসর শিক্ষানবিশকাল প্রযোজ্য হবে;
  - (খ) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বপদে প্রত্যাবর্তন করতে পারবেন;
  - (গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদ পূর্তি এবং মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে।
- ২। উল্লেখ্য, যেসব বিষয়ের ওপর ভিত্তি করে এ পদোন্নতি প্রদান করা হয়েছে সেসব বিষয়ে পরবর্তীতে কোনো বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
29.06.2026  
মোহাম্মদ কামরুল হাসান মোল্যা  
উপসচিব  
ফোন: ০২-৫৮১৫২৫৭২  
E-mail: d25@mod.gov.bd